

বুয়েটে যন্ত্রপ্রকৌশল
বিষয়ক আন্তর্জাতিক
সম্মেলন ও
প্রযুক্তিমেলার

স্টাফ রিপোর্টার। বুয়েটে হয়ে গেল যন্ত্রপ্রকৌশল বিষয়ক আন্তর্জাতিক সম্মেলন ও প্রযুক্তিবিষয়ক মেলা। তিন দিনব্যাপী এ আয়োজনে দেশ-বিদেশের বিশিষ্ট গবেষকদের দুই শতাধিক 'জাতীয়' ও আন্তর্জাতিক গবেষণাপত্র উপস্থাপিত হয়েছে। ওই সব গবেষণাপত্রে উঠে এসেছে যন্ত্রপ্রকৌশলের নানা প্রতিবন্ধকতা ও উত্তাবনী দিক। এছাড়া ৩৩ স্টলে বিভিন্ন 'জাতীয় বহুজাতিক সংস্থার প্রকৌশল ও প্রযুক্তিবিষয়ক' নানা পণ্য প্রদর্শিত হয়।

বুয়েটের যন্ত্রপ্রকৌশল বিভাগ আয়োজিত এ অনুষ্ঠানের শেষদিন ছিল রবিবার। কাউন্সিল ডবনে সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি বুয়েট উপাচার্য অধ্যাপক খালেদা এনওয়ার বলেন, শিক্ষায় উপগ্রহযন্ত্রের কৌশল বিকল্প নেই। এ ক্ষেত্রে খেলা ছাড় নয়। যন্ত্রপ্রকৌশল হচ্ছে ইঞ্জিনিয়ারিংয়ের মূল ভিত্তি।

ভিত্তিমূল নির্মাণে বিষয়টির ভূমিকা অপরিহার্য। অনুষ্ঠানের মধ্য দিয়ে শিক্ষার্থীরা তাদের উত্তাবনী শক্তি প্রসারের ক্ষেত্রে আরও এগিয়ে গেল। তিনি আরও বলেন, উত্তাবনী শক্তি বিকাশে বুয়েট ক্যাম্পাসে সবার জন্য উন্মুক্ত। যে কোন নতুন আইডিয়া নিয়ে প্রকৌশলীদের সঙ্গে পরামর্শের সুযোগ মিলবে।

অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে অধ্যাপক ড. এম এ রশিদ সরকার বলেন, বৈশ্বিক উন্নয়নে যন্ত্রপ্রকৌশল অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ আয়োজনের মধ্য দিয়ে নতুন সময়স্যা, নতুন উত্তাবনী নিয়ে আলোচনার সুযোগ হয়েছে। তবে যন্ত্রপ্রকৌশল বিষয়ে সরকারকে আরও যত্নসীল ও সজাগ থাকতে হবে।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অধ্যাপক কোনার, অধ্যাপক জহরুল হক, অধ্যাপক মাহবুব আলম, অধ্যাপক এ কে এম মঞ্জুর মোরশেদ প্রমুখ।